

Joint Press Release on India-EU Energy Panel Meeting

December 01, 2021

ভারত-ইইউ এনার্জি প্যানেল বৈঠকের যৌথ প্রেস বিজ্ঞপ্তি

ডিসেম্বর 01, 2021

ভারত এবং ইউরোপীয় ইউনিয়ন তাদের ক্লিন এনার্জি এবং জলবায়ু অংশীদারিত্বকে বৃদ্ধি করছে

1 ডিসেম্বর ভারত-ইইউ এনার্জি প্যানেল এক বৈঠকে মিলিত হয়েছে। ভারতের তরফ থেকে বিদেশ মন্ত্রক, শক্তি মন্ত্রক, নব ও পুনর্নবীকরণ শক্তি মন্ত্রক এবং পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক এবং ইইউ-র পক্ষ থেকে ইউরোপীয় কমিশনের ডিরেক্টরেট জেনারেল ফর এনার্জি সেই বৈঠকে অংশগ্রহণ করেছেন এবং 2016 ভারত-ইইউ ক্লিন এনার্জি এবং জলবায়ু অংশীদারিত্বকে বাস্তবায়িত করার জন্য 2023 অবধি একটি বিস্তারিত কার্যক্রমে যৌথভাবে সম্মত হয়েছেন।

এনার্জি প্যানেলের যুগ্মভাবে পৌরোহিত্য করেছেন বিদেশ মন্ত্রকের (মন্ত্রব্য) সচিব (পশ্চিম) শ্রীমতী রীনাত সান্দু এবং ইউরোপীয় কমিশনের উপ মহা নির্দেশক শ্রীমতী মেকথিল্ড ওয়র্সডোরফার।

এনার্জি প্যানেল শক্তি দক্ষতার ক্ষেত্রে প্রযুক্তিগত সহযোগিতা বৃদ্ধিতে সম্মত হয়েছে , যার মধ্যে রয়েছে প্রায় শূন্য শক্তি নির্মাণ, নির্মাণের জন্য স্মার্ট রেডিনেস ইন্ডিকেটরস, পুনর্নবীকরণ শক্তি, ভাসমান সৌর, তাপীয় সৌর এবং অফশোর বায়ু, আন্তর্জাতিক সৌর জোটের মধ্যে সহযোগিতা, সবুজ হাইড্রোজেন, গ্রিড ইন্টিগ্রেশন, স্মার্ট গ্রিড, মজুত করা, পাওয়ার মার্কেট ডিজাইন, পারস্পরিক সংযোগ, কোল্ড চেইন এবং টেকসই অর্থায়ন। সহযোগিতাকে মজবুত করার একটি অঙ্গ হিসেবে ভারত এবং ইইউ এইসব ক্ষেত্রে নতুন গবেষণা, গবেষণা সফর এবং যৌথ কর্মশালা, জ্ঞানের বিনিময় এবং সর্বোত্তম অনুশীলনকে গ্রহণ করবে। এর অতিরিক্ত এনার্জি প্যানেল সম্মত হয়েছে যৌথভাবে নিম্নলিখিত গুলি আয়োজন/ আহ্বান করতে।

- পরবর্তী বছরের প্রথমার্ধে ভারত-ইইউ অফশোর উইন্ড বাণিজ্য ও বিনিয়োগ শীর্ষ সম্মেলন, যেখানে থাকবে ইউরোপীয় এবং ভারতীয় কোম্পানিগুলির একটি প্রদর্শনী, B2B সুবিধা প্রদান এবং অফশোর উইন্ডের ব্যয় কমানো ও অফশোর উইন্ডে অর্থায়নের জন্য অধিবেশন।

- স্মার্ট গ্রিড প্রতিরূপ তৈরি, ভারতে স্মার্ট গ্রিড প্রতিরূপ তৈরি প্রকল্পের জন্য সম্ভাব্য সুযোগ চিহ্নিতকরণ এবং প্রতিবন্ধকতা ও উন্নতি সাধনের জন্য ভারত-ইইউ উচ্চস্তরের মঞ্চ।
- ভারত-ইইউ হাইড্রোজেন ফোরাম যার লক্ষ্যস্থলের কেন্দ্রবিন্দু হল শক্তি ব্যবস্থায় হাইড্রোজেনের ভূমিকার উপরে সর্বোত্তম অনুশীলন/নীতির বিনিময়, সেই সাথে পুনর্নবীকরণ শক্তির উচ্চ ভাগিদারী, স্বচ্ছ হাইড্রোজেন উৎপাদন এবং প্রয়োগ প্রযুক্তির ভূমিকা পালনের অবস্থার উপরে আলোচনা, ভারত এবং ইইউতে বিদ্যমান ও আগামী হাইড্রোজেন প্রকল্পের তথ্য বিনিময়।
- ক্লিন এনার্জি প্ল্যাটফর্মে ভারত-ইইউ আর্থিক বিনিয়োগের লক্ষ্য হল শক্তির কার্যকারিতা এবং পুনর্নবীকরণ শক্তির ক্ষেত্রে বিনিয়োগে উৎসাহ প্রদান করা।

আন্তর্জাতিক সৌর জোড়ের সাথে সহযোগিতা বৃদ্ধি করা

আরও বেশী ইইউ সদস্য দেশগুলি আন্তর্জাতিক সৌর জোড়ে যোগদান করার বিষয়টিকে প্যানেল স্বাগত জানিয়েছে। সম্প্রতি ইইউ প্রায় 1 মিলিয়ন ইউরো প্রকল্প তহবিল গঠন করেছে। এর লক্ষ্য হল আন্তর্জাতিক সৌর জোড়ের সাথে ইইউ, এর সদস্য দেশগুলির এবং এর শিক্ষাবিদদের, ব্যবসায়িক এবং আর্থিক গোষ্ঠীগুলির সম্পর্কে আরও মজবুত করা। আন্তর্জাতিক সৌর জোড়ের প্রেক্ষাপটে ভারত-ইইউ সহযোগিতাকে শক্তিশালী করা জন্য আরও উপায় অন্বেষণ করতে প্যানেল সম্মত হয়েছে। এই প্রসঙ্গে ভারত, আইএসএ-র ওয়ান সান ওয়ান ওয়ার্ল্ড ওয়ান গ্রিড বা এক সূর্য এক বিশ্ব এক গ্রিড উদ্যোগের গুরুত্বের উপরে জোর দিয়েছে।

ভারত এবং আন্তর্জাতিক শক্তি সংস্থার মধ্যে নিবিড় সহযোগিতার জন্য ইইউ তার সমর্থন ব্যক্ত করেছে। জি20 কাঠামোর মধ্যে ক্লিন এনার্জির উপরে ঘনিষ্ঠভাবে আদানপ্রদান করতে ভারত এবং ইইউ সম্মতও হয়েছে।

প্রেক্ষাপট: ক্লিন এনার্জি এবং জলবায়ু কর্ম ক্ষেত্রে ভারত-ইইউ সহযোগিতা

ভারত এবং ইউরোপীয় ইউনিয়ন জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ এবং সাশ্রয়ী, পরিচ্ছন্ন এবং নিরাপদ শক্তি নিশ্চিত করার বিষয়ে ঘনিষ্ঠভাবে সহযোগিতা করছে, যা উভয় পক্ষেরই লক্ষ্যের কেন্দ্রবিন্দু। বর্তমানে ভারত-ইইউ জলবায়ু এবং শক্তি সম্পর্কগুলি ভারত-ইইউ ক্লিন এনার্জি এবং জলবায়ু অংশীদারিত্ব দ্বারা নির্দেশিত যা প্যারিস চুক্তির ক্লিন এনার্জি স্থানান্তর ও বাস্তবায়ন ক্ষেত্রে সহযোগিতা জোরদার করার লক্ষ্যে 30 শে মার্চ 2016 তারিখে ভারত-ইইউ শীর্ষ সম্মেলনে সম্মত হয়েছিল। এই অংশীদারিত্বটি 6 অক্টোবর 2017 তে ভারত-ইইউ শীর্ষ সম্মেলনে যৌথ বিবৃতিতে পুনরায় নিশ্চিত করা হয়েছে। যৌথ বিবৃতি এবং ভারত-ইইউ কৌশলগত অংশীদারিত্ব: 2025-এর একটি

রোডম্যাপ 15 জুলাই 2020-এ ভারত-ইইউ শীর্ষ সম্মেলনে সম্মত হয়েছিল, সেইসাথে 8 মে 2021-এ ভারত-ইইউ নেতাদের বৈঠকে গৃহীত যৌথ বিবৃতিটিও ক্লিন এনার্জি এবং জলবায়ু অংশীদারিত্বের অধীনে সহযোগিতাকে জোরদার করাকে স্বাগত জানায়।

নিউ দিল্লি

ডিসেম্বর 01, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.